দৈনিক সংবাদ

তারিখ ... ২৯.৮.৯২
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ১

112

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# ফের শিবিরের সন্ত্রাসী তৎপরতা শুরু

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ২৬শে আগস্ট।— চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ইসলামী ছাত্র শিবির ও তাদের সমর্থক সশস্ত্র বহিরাগতরা আবারো সন্ত্রাসী তৎপরতা শুরু করেছে। সশস্ত্র শিবিরকর্মীরা আজ সকালে রেজিস্ট্রার কার্যালয় ঘেরাও করে এবং প্রশাসনিক কাজ বন্ধ করার জন্য হুমকি দেয়। তারা রেজিস্ট্রার আবদুর রশিদকে তাদের নয়া ঘোষিত ৪ দফা দাবী কার্যকর করার জন্য চাপ সৃষ্টি করে। এক পর্যায়ে রেজিস্ট্রার অফিসকক্ষ ছেড়ে চলে যান। সেই সাথে বন্ধ হয়ে যায় প্রশাসনিক ভবনের সকল কাজকর্ম।

বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও হলসমূহে অবস্থানকারী শিবিরের কারণে কোন ক্লাস বা পরীক্ষা হচ্ছে না। শিক্ষক ও সাধারণ ছাত্রছাত্রীরাও ক্যাম্পাসে যাচ্ছে না। শিবিরকর্মীরা আজ দাবী তুলছে বিশ্ববিদ্যালয়ে আসা-যাওয়ার সকল পথে তাদের কর্মীদের নিরাপত্তার ব্যবস্থা প্রশাসনকে করতে হবে। এমনকি ক্যাম্পাসে তাদের বিরোধী কোন বহিরাগতকে প্রবেশ করতে দেয়া যাবে না। এসব দাবীতে গতকাল তারা প্রক্টর কার্যালয় ঘেরাও করে রাখে। আগামীকালও তারা পুনরায় ঘেরাও চালাবে বলে আজ হুমকি দিয়েছে। ক্যাম্পাসে তারা তাদের ঘোষিত সন্ত্রাসবিরোধী সপ্তাহের দ্বিতীয় দিন আজ উদ্‌যাপিত করেছে সশস্ত্র মিছিল ও ঘেরাওয়ের মাধ্যমে।

শিবিরবিরোধী সাধারণ ছাত্র পরিষদ সশস্ত্র সন্ত্রাসীদের বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসকে ঘাঁটি তৈরি ও ক্লাসসহ সবকিছু অচল করে দেয়ার বিষয়ে সরকারী কোন পদক্ষেপ গ্রহণ না করায় ক্ষোভ ও উদ্বেগ প্রকাশ করেছে।

বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে আগত একজন, শিক্ষক জানান, পরিস্থিতি যা দাঁড়িয়েছে তাতে আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনী কোন পদক্ষেপ গ্রহণ না করলে আরো ভয়াবহ আকার ধারণ করতে পারে।

শিবিরের সশস্ত্র অবস্থানের মুখেও বিশ্ববিদ্যালয়ের কয়েকটি বিভাগের পরীক্ষার আয়োজন চলছে। '৮৯-'৯০ শিক্ষাবর্ষের বিএসএস (সম্মান) প্রথম পত্রের ব্যবহারিক পরীক্ষা নেয়া হবে আগামী বৃহস্পতিবার। কর্তৃপক্ষ ১ম বর্ষের ভর্তি পরীক্ষার কাজ এখনো শেষ করতে পারেনি। কয়েকদফা সময় ঘোষণা হলেও বাস্তব অবস্থা ভিন্ন।